

য

ঃ

বা

দ

বঙ্গ নভেম্বর ২০১৫

BOOK POST PRINTED MATTER

কৃষি, স্বাস্থ্য, পরিবেশ ও বাস্তুবিদ্যা বিষয়ক এই তথ্য-মাসিক কোনো সংবাদপত্র নয়, বরং সংবাদ বিনিময়-পত্র। এই বিনিময়-প্রয়াসে যুক্ত বাংলা-আসাম-ত্রিপুরা-বাংলাদেশ সহ বঙ্গভাষী বৃত্তের বিবিধ আঞ্চলিক সংবাদ-সাময়িকী।

প রি ষে বা

লাইন ক্লিয়ার

২১/৫৪

পরিবেশ-বান্ধব ব্যবস্থার জন্য দিল্লি মেট্রোর ফরিদাবাদ লাইনকে পরিবেশ রক্ষায় 'সবার সেরা' বলা হয়েছে। এই কথাটা বলেছে দি ইন্ডিয়ান গ্রিন বিল্ডিং কাউন্সিল। এই সংস্থাটার প্ল্যাটিনাম, সোনা আর রূপোর কতগুলি মানক আছে যা দিয়ে তারা মেট্রো স্টেশন ও দালানবাড়ির প্রকৃতি-পরিবেশ বিচার করে। ফরিদাবাদ লাইনে এই সংস্থাটা পরিবেশ-বান্ধব যা যা দেখেছে তার কয়েকটা হল, বৃষ্টি-জল ধরে রাখা, পরিবেশ-অনুকূল শীততাপ ও আলো, বাতাসের অবস্থা জানতে কন্ট্রোল রুমে কার্বন-ডাই-অক্সাইড সেন্সর ইত্যাদি। আবার নোংরা জল পরিশ্রাবণ প্ল্যান্ট থেকে জল নিয়ে বাগিচা চাষ ও শৌচাগারে ব্যবহারও করা হচ্ছে।

যোগফল

২১/৫৫

অন্ধ্রপ্রদেশে কৃষ্ণা ও গোদাবরি নদীকে জুড়ে দেওয়া হবে বলে ঠিক হয়েছে। এটা করলে কৃষ্ণা নদীর বদ্বীপের চাষীদের ভারি উপকার হবে। কারণ কৃষ্ণা বদ্বীপে চাষের জলের জন্য হাহাকার পড়ে।

এই কাজটা কৃষ্ণা জেলার পন্ড্রিসিমা নদীজল সেচ প্রকল্পের অঙ্গ। এই প্রকল্পে গোদাবরি থেকে খাল দিয়ে কৃষ্ণা নদীতে ৮০ টিএমসি জল নিয়ে আসার কথা আছে। টিএমসি-র পুরো কথাটা হল থাউজ্যান্ড মিলিয়ন কিউবিক ফিট। টিএমসি হল জল মাপার একক। এই প্রকল্পটা কার্যকরী হলে খরার মাটি রায়লসিয়ার পানীয় জল, সেচ আর কৃষ্ণা বদ্বীপের মানুষজনের ভালো হবে বলে আশা করা হচ্ছে।

ভালো আপেল

২১/৫৬

অ্যাপেল নতুন দুটো আই ফোন বানিয়েছে। যার থেকে ১৪-১৬ শতাংশ কার্বন-ডাই-অক্সাইড কম বেরোবে অ্যাপেল হিসেব করে দেখেছে ফোন তৈরি, বিক্রি, ব্যবহার-পূর্বব্যহার ইত্যাদি সব মিলিয়ে কী পরিমাণ কার্বন বাতাসে মিশত। সবচেয়ে কম বেরোচ্ছে আই ফোনের ঢাকনা হিসেবে অ্যালুমিনিয়াম তৈরির সময়। অ্যাপেলের দেখাদেখি অন্য প্রযুক্তি কোম্পানিগুলিও কার্বন বেরোনো কমাতে চাইছে। সেইজন্য তারা জলবিদ্যুৎ আর নবীকরণযোগ্য শক্তি দিয়ে তাদের রোজকার কাজের যে হাজার হাজার কম্পিউটার, সেইগুলো চালাতে চাইছে।

চোরশিকার বিরোধী একজন সমাজকর্মীকে আসামে খুন করা হল। এই কর্মীর নাম এসব আলি। এসব আসামে চোরশিকারী থেকে গভার বাঁচানোয় বড় ভূমিকা নিয়েছিল। আসাম সরকার তাঁকে সম্মাননাও জানিয়েছিল।

সমী চীন

২১/৫৮

চিনে বেইজিং-এ হাওয়াকে দূষিত করার জন্য জরিমানা প্রথা চালু হল। এই জরিমানা দিতে হবে আসবাবপত্র, গাড়ি ও বৈদ্যুতিন সামগ্রী যারা বানায় তাদেরকে। এই দূষণ মানে, হাওয়ায় ভিওসি বা ভোলাটাইল অর্গানিক কম্পাউন্ড ছড়ানো। এই জরিমানার হার ভিওসি বেরোনোর পঞ্চাশ শতাংশের তেতর থাকলে জরিমানা হবে প্রতি কিলোতে ১০ য়ুয়ান, আবার যেখানে ভিওসি পঞ্চাশ শতাংশের বেশি কিন্তু সীমা ছাড়ায়নি সেখানে দিতে হবে কিলো প্রতি ২০ য়ুয়ান। আর যেখানে ভিওসি একেবারে সীমা ছাড়িয়েছে সেখানে এই জরিমানা প্রতি কিলোয় ৪০ য়ুয়ান। এই খবরগুলো পাওয়া গেল চিনা সংবাদ সংস্থা জিন হুয়া থেকে।

বিমানবাবু ও ভানুবাবু

২১/৫৯

কেরলের কোচিনে ৪৫ একরের একটা বিমান বন্দর সৌরবিদ্যুৎ তৈরি করছে। এই বিমানবন্দরটা কোচিন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেডের। উৎপাদনের পরিমাণ প্রতিদিন ৫০,০০০ থেকে ৬০,০০০ ইউনিট। এইজন্য বসানো হয়েছে ৪৬,১৫০ টা সৌর প্যানেল। প্রথমে এই বিদ্যুৎটা বিমানবন্দর কেরল রাজ্য বিদ্যুৎ পর্যদকে বিক্রি করবে। তারপর তার থেকে কিনে ব্যবহার করবে। এমনিতে চলতি জ্বালানিতে চললে আগামী পঁচিশ বছরে ৩,০০.০০০ মেট্রিক টন কার্বন-ডাই-অক্সাইড ওখান থেকে বাতাসে মিশত। সৌরবিদ্যুৎ-এ কাজ করার ফলে কিছুই মিশছে না। বরং তারা এই উদ্যোগ দিয়ে আরও বড়সড় করে এই বিদ্যুৎ ব্যবহার আর ব্যাবসার উদাহরণ তৈরি করবে।

সুঁড়োলা

২১/৬০

দুটো দেশ মিলে বৈঠক করে তাদের দেশে হাতির দাঁতের ব্যাবসা একদম নিষিদ্ধ করে দেবে ঠিক করল। এই দুটো দেশ হল আমেরিকা আর চিন। দুই দেশের রাষ্ট্রপতি ঘোষণা করেছে যে তারা হাতির চোরশিকার থামাবে, হাতির দাঁতের আমদানি-রফতানি নিষিদ্ধ করবে আর বন্ধ করবে ঘরোয়া বাজারে হাতির দাঁতের খুচরো কেনাবেচা। এইসব ঠিক হল রাষ্ট্রসংঘে গত সেপ্টেম্বরের শেষে।

কোদাইকা না ল

২১/৬১

তামিলনাড়ুর কোদাইকানাল হ্রদটা দিয়ে একটা বড় সমস্যা দেখা দিয়েছে। এই হ্রদটার জল খারাপ হচ্ছে, হ্রদটার চারপাশে অ্যালিগেটর নামে একটা আগাছা ছড়িয়ে পড়ছে। জলে অক্সিজেনের পরিমাণ কমছে, অ্যামোনিয়া-ফসফরাস বাড়ছে। অ্যালিগেটর আগাছা দেশি আগাছাকে মারছে। এটা নিয়ে চেন্নাইয়ের একটা পরিবেশ-শিক্ষা প্রতিষ্ঠান সমীক্ষাও করেছে। কিন্তু তামিলনাড়ুর সরকার বা পুরসভা হ্রদটা নিয়ে এখন অন্ধি কিছুই করেনি।

জল মেশানো সিনেমা

২১/৬২

পরিবেশ নিয়ে ছবির একটা উৎসব হল দিল্লিতে। এই উৎসবটায় জলাভূমি বাঁচানোয় জোর দেওয়া হয়েছিল। অনেক রকম সিনেমা দেখানো হল। আবার খরায় জলের সমস্যা নিয়ে নানারকম আলোচনা হল। তারপর আবার জৈব খামারজাত ফসল ও বন থেকে পাওয়া অচলিত খাবারের দোকানও হয়েছিল। উৎসবটার জন্য পরিবেশ জঙ্গল ও জলবায়ু বদল মন্ত্রক টাকা দিয়েছে।

জলা ও জলা

২১/৬৩

মহারাষ্ট্রের থানেতে কয়েক ধরনের জলার গাছ দিয়ে দূষিত হ্রদগুলো পরিষ্কার করা হচ্ছে। এই কাজটা করা হচ্ছে প্রকৃতি-পরিবেশের যাতে কোনো ক্ষতি না হয় এইরকম করে। কাজটার উদ্যোগ থানে পুরসভার। এখন প্রথমে তিনটে হ্রদ দিয়ে শুরু করা হয়েছে। কাজটা করে দেখা যাচ্ছে হ্রদের জল বেশ ভালো হয়েছে, জলে একটা দুর্গন্ধ ছিল সেটাও বেশ কমেছে। ন্যাশনাল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট-ই এইভাবে জলার গাছ দিয়ে জল পরিষ্কারের কারিগরি থানে পুরসভাকে দিয়েছে।

সিমলা চলো !

২১/৬৪

হিমাচল প্রদেশের মান্ডি জেলায় বৃষ্টির জল ধরে রাখার জন্য ৩৫৭১টা ট্যাক্স বসানো হবে। এর ভেতর ২০৩০ টা ট্যাক্স বানানো হয়ে গেছে। বাকিগুলো বানানো চলছে। স্কুলেও এইরকম ট্যাক্স করার জন্য প্রচার করা হচ্ছে। স্কুলে এইরকম ২০৫টা ট্যাক্স করা হবে বলে একটা পরিকল্পনা নেওয়া হয়েছে। এই জমিয়ে রাখা জল থেকে সেচের কাজ করা যাবে, অন্য কাজও করা যাবে।

ঘর সাজাব না ?

২১/৬৫

৩১ শতাংশ ক্যাকটাস পৃথিবী থেকে একদম হারিয়ে যাবে এই অবস্থায় এসেছে। ক্যাকটাস এর অবস্থা নাকি বিপন্ন স্তন্যপায়ী জন্তু জানোয়ার বা পাখির থেকেও খারাপ। এর কারণ নাকি মানুষ। ১৪৮০ টা ক্যাকটাস ঘরবাড়ি সাজাতে ব্যবহার করা হয়। এই ১৪৮০ টা ক্যাকটাস নিয়ে সারা পৃথিবী জুড়ে ব্যবসা হয়। ক্যাকটাস চারা আর বীজ নিয়ে বেআইনী ব্যবসাও হয়। এইসব বলেছে আইইউসিএন ও তার সঙ্গীরা। ক্যাকটাস আইইউসিএন-এর লাল তালিকায় চলে এসেছে।

নবান্ন

২১/৬৬

বেরিলির কৃষক অনিল সহনি একটা নতুন বাসমতী বীজ বানিয়েছেন। তিনি এই বীজটা বানিয়েছেন জৈব উপায়ে চাষ করে। এই নতুন ধানটা ভারী বৃষ্টি সহ্য করতে পারবে। ধানটায় খুব একটা পোকাও লাগবে না। এইসব কথা জানতে <http://timesofindia.indiatimes.com/city/barally/Rain-has-no-effect-on-this-Basmati/articleshow/46587179/cms>.

শকুন আসছে...!

২১/৬৭

পাঞ্জাব আর হরিয়ানায় শকুন বাঁচানোর জন্য একদম অঞ্চল বেছে নিয়ে জঙ্গলে কেন্দ্র বানানো হয়েছে। এই জঙ্গলটার নাম শিকরগা ওয়াইল্ডলাইফ স্যান্ডচুয়ারি। এইজন্য ওই অঞ্চলে যাতে নিষিদ্ধ ওষুধ ডিক্লোফেনাক কোনোভাবেই না ছড়ায় সেইদিকে জোর দেওয়া হয়েছে। ডিক্লোফেনাকে ক্ষতি হয় শকুনের।

গোখা রেজিমেন্ট

২১/৬৮

নেপালে বার্না থেকে জল নিয়ে একটা গ্রামে বেশ সবজি চাষ হচ্ছে। এই গ্রামটার নাম লাউসিখোলা। এইখানে এই জল সৌরশক্তি দিয়ে তোলা হচ্ছে। বার্না থেকে জল একটু বেশি ওঠায়, লাউসিখোলার চাষিরা বাজারে বিক্রি করার জন্য মাঠে বেশি বেশি করে সবজি ফলাচ্ছে। এইভাবে সৌরশক্তি দিয়ে জল তুলতে পারায় জল আনতে যাওয়ার সময় আর পরিশ্রম দুটোই বেঁচেছে। এই জল আনতে যাওয়ার কাজটা করতে বাচ্চারা আর মেয়েরা। এইভাবে জল পেয়ে তাদের ভারি উপকার হয়েছে।

মেঠো বিজ্ঞানী

২১/৬৯

কেরলের চাষি কে ডি পাউলোজ একটা পোকা সহনশীল এলাচ আবিষ্কার করেছে। এই এলাচটির নাম হয়েছে পাপ্পালু। চাষ করলে

এই এলাচটা থেকে ২৫০০ থেকে ৩০০০ কিলো হেক্টর প্রতি ফলন পাওয়া যাবে। পোকাও এলাচটাকে কিছু করতে পারবে না। ভারতের মশলা পর্যদ এর ভেতরই পাঞ্জালুকে সম্মাননা দিয়েছে। এলাকার আরো ৩০জন চাষি এই এলাচটা চাষ করছে। আবার উত্তরপ্রদেশের প্রকাশ সিং রঘুবংশী নতুন একটা গম বানিয়েছে। এই গমটার নাম কুদরত ৯। এই গমটায় অনেক বেশি সংখ্যায় শিস আসে, বাড়ন্ত গাছ জল জমা সহ্য করতে পারে। এই গমটায় প্রোটিন আছে ১৫.৩৬ শতাংশ, গ্লুটেন ২৯.৩৬ শতাংশ আর শ্বেতসার ৫৯.৪৮ শতাংশ। এই গমটা উত্তরপ্রদেশের বাইরে মধ্যপ্রদেশ, রাজস্থান, মহারাষ্ট্র আর গুজরাটেও চাষ হচ্ছে।

কিরীট

২১/৭০

রাজস্থানের কির সম্প্রদায় বছদিন ধরে দেশের সবজি পরম্পরাকে রক্ষা করে আসছে। তারা বছ পুরুষ ধরে দেশজ সবজি চাষ করছে। ২০০৯ সাল ন্যাশনাল ইনোভেশন ফাউন্ডেশন এই ধরনের কাজের জন্য কিরদের সম্মাননা দিয়েছে।

আর্টটা নটার সূর্য

২১/৭১

বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সের ছাত্রছাত্রীরা এবার পশ্চিমঘাট পর্বতমালা বাঁচাতে প্রতিবাদ করছে। কমবেশি ৫০০ ছাত্রছাত্রী এই নিয়ে পথে নেমেছে, প্রচার চালাচ্ছে। তাদের দাবি হল, পশ্চিমঘাট নিয়ে হাইলেভেল ওয়ার্কিং কমিটি যে প্রতিবেদনের খসড়া বানিয়েছে, সেই খসড়াটা নিয়ে সবার সঙ্গে ভালো করে আলোচনা করা হোক।

ন তু ন | ব ই

পাঁচ সবজি বীজের কুলুজি। পাঁচে পঞ্চবাণ। পাতা থেকে পাতায়, পাঁচ সবজির ২৭ জাত। ৪ শাক, ৫ লংকা, ৫ কুমড়ো, ৬ শিম ও ৭ বেগুন। এক-একটা পাতা ধরে এক-একটা সবজি, ইংরেজি ও বাংলা দুই ভাষায়। সবজি ধরে ধরে বোনার সময়-পদ্ধতি, বীজ ও উৎপাদনের হার, সহায়কতা ও ফসল তোলার সময় একেবারে বিস্তারিত। শেষ পাতায় আবার এইসব বীজ পাওয়ার হালহাদিস।

দেশজ বীজ পুস্তকমালার ধারাবাহিক প্রকাশনায় এটি প্রথম বই।

৭/৪.২ সাইজ || সিনরমাস আর্ট পেপার।। ২৮ পাতা || ৪০ টাকা



২৪৪২ ৭৩১১ || ২৪৪১ ১৬৪৬ || ২৪৭৩ ৪৩৬৪